গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
আনসারী ভবন, ১৪/২ তোপখানা রোড ঢাকা
Web: www.ntcc.gov.bd

বিষয়ঃ স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতি, ২০১৬ এর উপর মতামত প্রদানের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোকরণ ।

বাংলাদেশে আমদানিকৃত ও উৎপাদিত তামাকজাত সকল ধরণের পণ্যের উপর মূল্যভিত্তিক ১% হারে উল্লিখিত আদায়কৃত স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের রাজস্ব প্রাপ্তি হিসেবে প্রদর্শন ও পবরর্তীতে ব্যয় করার নিমিত্ত অত্র মন্ত্রণালয় কর্তৃক একটি খসড়া নীতি প্রস্তুত করা হয়েছে।

০২। নীতিটি চূড়ান্তকরণের লক্ষ্যে উক্ত প্রস্তুতকৃত খসড়া 'স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতি, ২০১৬' এর উপর আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের মতামত প্রদানের নিমিত্ত পত্রসহ খসড়া 'স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতি, ২০১৬' স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: ১। পত্রসহ খসড়া 'স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতি, ২০১৬'
২। সফট্ কপি (সিডি) ০১ টি

২১/১২/১৬

(মুহাম্মদ রুহুল কুদ্দুস)
যুগ্ম-সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ও
সমন্বয়কারী
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
ফোন: ৯৫৮৫১৩৫
Email: ntcc_bangladesh@yahoo.com

সিস্টেম এনালিস্ট
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং- স্বাপকম/এনটিসিসি/সারচার্জ/২০১৫/ ৯৮৬

তারিখঃ ২১/১২/২০১৬ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
আনসারী ভবন, ১৪/২ তোপখানা রোড ঢাকা
Web: www.ntcc.gov.bd

স্মারক নং- স্বাপকম/এনটিসিসি/সারচার্জ/২০১৫/৩১৮-৫ | তারিখঃ ২১/১২/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ খসড়া স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতি, ২০১৬ এর উপর মতামত প্রদান।

গত ২০১৪-২০১৫ অর্থবছরের অর্থ আইন, ২০১৪ এর ৬৬নং অনুচ্ছেদে বাংলাদেশে আমদানিকৃত ও উৎপাদিত তামাকজাত সকল ধরণের পণ্যের উপর মূল্যভিত্তিক ১% হারে স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ আরোপ করা হয়েছে। আলোচ্য সারচার্জ গত ১লা জুলাই, ২০১৪ তারিখ হতে সংগ্রহ করা হচ্ছে।

০২। বাংলাদেশে আমদানিকৃত ও উৎপাদিত তামাকজাত সকল ধরণের পণ্যের উপর মূল্যভিত্তিক ১% হারে উল্লিখিত আদায়কৃত স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের রাজস্ব প্রাপ্তি হিসেবে প্রদর্শন ও পবরর্তীতে ব্যয় করার নিমিত্ত অত্র মন্ত্রণালয় কর্তৃক একটি খসড়া নীতি প্রস্তুত করা হয়েছে।

০৩। নীতিটি চূড়ান্তকরণের লক্ষ্যে উক্ত প্রস্তুতকৃত খসড়া 'স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতি, ২০১৬' এর উপর মতামত আগামী ০৫/০১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে ই-মেইলে অথবা পত্রযোগে জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলে প্রেরণের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: ০১ প্রস্থ খসড়া স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতি, ২০১৬
(০৩ পৃষ্ঠা)

২০/১২/১৬


(মুহাম্মদ রুহুল কুদ্দুস)
সমন্বয়কারী
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
ও
যুগ্ম-সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ফোন: ৯৫৮৫১৩৫
Email: ntcc_bangladesh@yahoo.com

**খসড়া**

# স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতি ২০১৬

১. **শিরোনাম:**
এই নীতি স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ও অন্যান্য উৎস থেকে আহরিত অর্থ ব্যবস্থাপনার নিমিত্ত **"স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা নীতি ২০১৬"** নামে অভিহিত হবে।

২. **প্রেক্ষাপট:**
বাংলাদেশে তামাক ব্যবহারজনিত মৃত্যু ও ক্ষয়ক্ষতির চিত্র ভয়াবহ। Global Adult Tobacco Survey (GATS)-2009 অনুসারে বাংলাদেশে ৪ কোটি ১৩ লাখ (৪৩%) প্রাপ্তবয়স্ক মানুষ তামাক সেবন করে। আর পরোক্ষ ধূমপানের শিকার হয় প্রাপ্তবয়স্ক জনগোষ্ঠীর প্রায় ৪ কোটি ৩০ লাখ মানুষ। বিশ্ব স্বাস্থ্য সংস্থার ২০০৪ সালের তথ্য অনুযায়ী বাংলাদেশে প্রতিবছর তামাকজনিত রোগে মারা যায় ৫৭,০০০ জন এবং পঙ্গুত্ববরণ করে ৩,৮২,০০০[১] জন। এছাড়াও খাদ্য নিরাপত্তা, পরিবেশ, জনস্বাস্থ্য এবং অর্থনীতির জন্য তামাক চাষ, তামাকজাত পণ্যের উৎপাদন ও ব্যবহার হুমকি স্বরূপ। বিশ্ব স্বাস্থ্য সংস্থার গবেষণা অনুযায়ী, বাংলাদেশে মোট মৃত্যুর ৬০ শতাংশের জন্য দায়ী অসংক্রামক রোগ[২]।

তামাকের এই ব্যাপক ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ২০১৪-২০১৫ অর্থ বছরের জাতীয় বাজেটে প্রথমবারের মত সকল তামাকজাত দ্রব্যের উপর "স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ" আরোপ করা হয়[৩]। তামাকজাত দ্রব্য হতে সারচার্জ আদায় সংক্রান্ত বিধিমালা ১ জুলাই ২০১৪ হতে কার্যকর করা হয়। এ আইন অনুসারে আমদানিকৃত এবং দেশে উৎপাদিত সকল তামাকজাত দ্রব্য হতে ১% হারে (অর্থনৈতিক কোড ২২১২ এর মাধ্যমে) স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ সংগৃহীত হচ্ছে। জাতীয় রাজস্ব বোর্ড সারচার্জ সংগ্রহের দায়িত্বপ্রাপ্ত সংস্থা।

৩০-৩১ জানুয়ারি ২০১৬ তারিখে বাংলাদেশ জাতীয় সংসদ এবং Inter-Parliamentary Union আয়োজিত দক্ষিণ এশিয়ার স্পীকার সম্মেলনে মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২০৪০ সালের মধ্যে তামাকজাত দ্রব্যের ব্যবহার শূণ্যের কোটায় নামিয়ে আনার অঙ্গীকার ব্যক্ত করেন। এ লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী সারচার্জের অর্থ ব্যবহার করে জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচি গ্রহণ এবং তামাকজাত দ্রব্যের উপর প্রচলিত জটিল কর-কাঠামো সহজীকরণ ও উচ্চহারে করারোপের ব্যবস্থাসহ একটি শক্তিশালী তামাক শুল্ক-নীতি গ্রহণের ঘোষণা দেন।

৩. **এফসিটিসি, আইন, জাতীয় স্বাস্থ্যনীতি, এসডিজি এবং সপ্তম পঞ্চবার্ষিকীর লক্ষ্য বাস্তবায়নে সারচার্জ ব্যবহার:**
বাংলাদেশ সরকার ২০০৪ সালে আন্তর্জাতিক তামাক নিয়ন্ত্রণ চুক্তি [WHO Framework Convention on Tobacco Control (FCTC)] এফসিটিসি অনুস্বাক্ষর করে[৪]। এফসিটিসি এর আর্টিকেল ৬ এবং আর্টিকেল ২৬ এ তামাকজাত দ্রব্যের উপর কর বৃদ্ধি এবং আদায়কৃত করের অর্থ তামাক নিয়ন্ত্রণ এবং স্বাস্থ্য উন্নয়নে ব্যয় করার কথা বলা হয়েছে। তামাকজাত দ্রব্য ব্যবহার অসংক্রামক রোগের অন্যতম প্রধান কারণ। ক্যান্সার, হৃদরোগ, স্ট্রোকের মতো অসংক্রামক রোগ নিয়ন্ত্রণে তামাক নিয়ন্ত্রণের কোন বিকল্প নেই। Sustainable Development Goals (SDGs)[৫] এর তৃতীয় লক্ষ্যমাত্রা 'সবার জন্য সুস্বাস্থ্য' নিশ্চিতকরণের লক্ষ্যে FCTC বাস্তবায়ন এবং অসংক্রামক রোগ প্রতিরোধকে কৌশল হিসেবে নির্ধারণ করা হয়েছে। জাতীয় স্বাস্থ্যনীতি (২০১১)[৬] বাস্তবায়নের ক্ষেত্রেও রোগ প্রতিরোধ ব্যবস্থাকে প্রাধান্য দেয়া হয়েছে। এছাড়া সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অসংক্রামক রোগ ও তামাক নিয়ন্ত্রণের বিষয়কে সম্পৃক্ত করা হয়েছে[৭]। এহেন পরিস্থিতিতে জনস্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে সারচার্জের অর্থ তামাক নিয়ন্ত্রণ এবং অসংক্রামক রোগ প্রতিরোধে ব্যয় করার জন্য এই নীতি প্রণয়ন ও বাস্তবায়ন অতীব জরুরি।

---

[1] Zaman MM et al. Impact of tobacco related illnesses in Bangladesh. WHO SEARO, New Delhi, 2007.
[2] http://www.who.int/nmh/countries/bgd_en.pdf
[3] অর্থ আইন ২০১৪, জুন ৩০, ২০১৪
[4] www.ntcc.gov.bd
[5] https://sustainabledevelopment.un.org/?menu=1300
[6] http://www.mohfw.gov.bd
[7] SEVENTH FIVE YEAR PLAN FY2016 – FY2020, Government of Bangladesh, Page 322

৪. **লক্ষ্য ও উদ্দেশ্য:**

৪.১ জনস্বাস্থ্য উন্নয়নে রোগ প্রতিরোধ ব্যবস্থাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে তামাক নিয়ন্ত্রণ ও তামাকজনিত অসংক্রামক রোগ প্রতিরোধ;

৪.২ তামাকজাত দ্রব্য হতে অর্জিত স্বাস্থ্য করের দীর্ঘস্থায়ী ও পরিকল্পিত ব্যবস্থাপনা;

৪.৩২০৩০ সালের মধ্যে Sustainable Development Goals (SDGs)-র তামাক নিয়ন্ত্রণ ও অসংক্রামক রোগ প্রতিরোধে লক্ষ্য অর্জনে অর্থ যোগান;

৪.৪ তামাক নিয়ন্ত্রণ ও তামাকজনিত অসংক্রামক রোগ প্রতিরোধে কার্যরত সংস্থাসমূহের জন্য আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান;

৪.৫ তামাকমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে জনস্বাস্থ্য, পরিবেশ এবং অর্থনীতির টেকসই উন্নয়ন ও সুরক্ষায় সহায়ক ভূমিকা পালন করা;

৪.৬ জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল কর্তৃক জাতীয় তামাক নিয়ন্ত্রণ প্রোগ্রাম গ্রহণ ও বাস্তবায়ন।

৫. **তামাক নিয়ন্ত্রণ ও তামাকজনিত অসংক্রামক রোগ প্রতিরোধে অর্থায়নের উৎস:**

আন্তর্জাতিক তামাক নিয়ন্ত্রণ চুক্তির শর্ত প্রতিপালন এবং জাতীয় স্বাস্থ্য নীতি অনুসরণের স্বার্থে প্রতিবছর 'স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ' বাবদ আদায়কৃত রাজস্বের সমপরিমান অর্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বাজেটে পৃথক ব্যয়ের কোডের মাধ্যমে তামাক নিয়ন্ত্রণ ও তামাকজনিত অসংক্রামক রোগ প্রতিরোধ খাতে বরাদ্ধ।

৫.১ ২০১৪-২০১৫ অর্থ বছরের অর্থ আইন, ২০১৪ অনুসারে আমদানিকৃত এবং দেশে উৎপাদিত সকল তামাকজাত দ্রব্যের উপর আরোপিত ১% স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ।

৫.২ এছাড়া জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর যে কোন দ্রব্যের উপর ভবিষৎতে আরোপিত সারচার্জ;

৫.৩ তামাক নিয়ন্ত্রণ এবং অসংক্রামক রোগের প্রতিরোধ, জনস্বাস্থ্য সহায়ক নীতি বা কার্যক্রমের পরিপন্থী নয় এমন দেশীয় ও আন্তর্জাতিক ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অর্থ;

৫.৪ সরকারী অন্য কোন খাত হতে প্রাপ্ত অর্থ;

৬. **বাংলাদেশ তামাকজাত দ্রব্য হতে আদায়কৃত সারচার্জের ব্যবস্থা:**

৬.১ স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ হতে সংগৃহীত প্রতিবছর আদায়কৃত অর্থের সঠিক ব্যবস্থাপনা নিশ্চিতের লক্ষ্যে নিম্নোক্ত ব্যক্তিবর্গের সমন্বয়ে "**স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা কমিটি**" নামীয় একটি কমিটি গঠিত হবে।

| | |
|---|---|
| ১) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সভাপতি |
| ২) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| ৩) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্ব স্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৪) অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৫) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| **৬) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়** | **সদস্য** |
| **৭) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়** | **সদস্য** |
| ৮) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৯) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| **১০) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়** | সদস্য |
| ১১) সদস্য, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| ১২) লাইন ডিরেক্টর(অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১৩) তামাক নিয়ন্ত্রণে কার্যরত স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধি (সরকার কর্তৃক মনোনীত ২ জন) | সদস্য |
| ১৪) প্রধান নিবার্হী/সমন্বয়কারী জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল | সদস্য-সচিব |

৬.২ সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি কমিটির সভায় সভাপতিত্ব করবেন।

৬.৩ কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৬.৪ জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**৬.৫ স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা কমিটির কর্মপরিধিঃ**

৬.৫.১ স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ অর্থ ব্যয়ে জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

৬.৫.২ এই তহবিলের অর্থ ব্যয়ের জন্য নির্ধারিত খাতসমূহ নিয়মিত বিশ্লেষণ, পরিবর্ধন ও পরিমার্জন;

৬.৫.৩ এই তহবিলের অর্থ ব্যয় সংক্রান্ত বিষয়াদি নিয়মিত পরিবীক্ষণ;

৬.৫.৪ প্রয়োজনবোধে বিশেষজ্ঞ কমিটি ও কারিগরি কমিটি গঠন;

৬.৫.৫ তামাক নিয়ন্ত্রণ ও তামাকজনিত অসংক্রামক রোগ প্রতিরোধে বিভিন্ন পদক্ষেপ গ্রহণে কারিগরি পরামর্শ প্রদান;

৬.৫.৬ তামাক ও তামাকজনিত অসংক্রামক রোগ প্রতিরোধে প্রয়োজনে নতুন কোন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;

৬.৫.৭ সরকার কর্তৃক অর্পিত অন্য কোন দায়িত্ব;

**৭. স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবহারের খাতসমূহঃ**

তামাকের ভয়াবহতা রুখতে তামাকের চাহিদা ও যোগান নিয়ন্ত্রণ সংক্রান্ত প্রয়োজনীয় সকল ধরনের কার্যক্রম বাস্তবায়নে এ অর্থ ব্যবহার করা হবে। তবে কর্তৃপক্ষ সময়ে সময়ে অর্থ ব্যয়ের অগ্রাধিকার মূল্যায়ন, পুণ:নির্ধারণ ও নতুন নতুন অগ্রাধিকার যুক্ত করতে পারবে। সুনির্দিষ্টভাবে নিম্নোক্ত খাতসমূহ অর্থ ব্যয়ের ক্ষেত্রে অগ্রাধিকার হিসেবে বিবেচিত হবে।

৭.১ জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল -এর কার্যক্রম পরিচালনা;

৭.২ জাতীয় তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমের জন্য অর্থায়ন;

৭.৩ তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে সকল পর্যায়ে টাস্কফোর্সের কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রমের বাস্তবায়নে সহায়তা;

৭.৪ জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে Tobacco Tax Cell (TTC) এর কার্যক্রম পরিচালনা;

৭.৫ তামাকের ক্ষতিকর দিক এবং তামাক নিয়ন্ত্রণের বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গণমাধ্যম তথা প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ায় ব্যাপক প্রচারণা কার্যক্রম পরিচালনা;

৭.৬ তামাক নিয়ন্ত্রণ বিষয়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের প্রশিক্ষণ প্রদান;

৭.৭ তামাকের ব্যবহার ও ক্ষয়ক্ষতি পর্যবেক্ষণ, গবেষণা;

৭.৮ তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন;

৭.৯ সরকারী বিভিন্ন ক্যাডারের প্রশিক্ষন কারিকুলামে তামাক নিয়ন্ত্রণ বিষয়টি সম্পৃক্তকরণের লক্ষ্যে কর্মসূচী/কার্যক্রম গ্রহণ;

৭.১০ কমিউনিটিভিত্তিক তামাক বিরোধী ও আইন সম্পর্কে সচেতনতামুলক কার্যক্রম গ্রহণ;

৭.১১ তামাক ব্যবহার ত্যাগ লক্ষ্যে জাতীয় কুইটলাইন স্থাপন;

৭.১২ তামাকজনিত অসংক্রামক রোগ প্রতিরোধ বিষয়ক কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা;

৭.১৩ তামাক নিয়ন্ত্রণ ও তামাকজনিত অসংক্রামক রোগ প্রতিরোধে কর্মরত সংস্থাগুলোর জন্য আর্থিক ও কারিগরি সহায়তা;

৭.১৪ তামাক চাষ রোধকল্পে সাধারণ জনগণের মধ্যে জনচেতনতা সৃষ্টি এবং তামাক চাষীদের বিকল্প ফসল উৎপাদনে উদ্বুদ্ধকরণ;

৮. **হিসাব নিরীক্ষা:** : স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা কমিটি'র গৃহীত আর্থিক ব্যয়ের নিরীক্ষা কার্যক্রম সরকারি বিধি মোতাবেক সরকারী প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত পদ্ধতি অনুসরণে সম্পন্ন করা হবে।

৯. **মূল্যায়ণ:** স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ ব্যবস্থাপনা কমিটি'র গৃহীত কার্যক্রমের অগ্রগতি সরকারি বিধি মোতাবেক সরকারী প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত পদ্ধতি অনুসরণে মূল্যায়ণ করা হবে।